



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউনিয়ন পরিষদ -২ শাখা  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৮.৯৯.০০৬.২২.৪৭

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৮

০৭ মার্চ ২০২২

বিষয়: স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জনপ্রতিনিধি ও স্বল্পবেতনভোগী কর্মচারীদের প্রশিক্ষণ ভাতা পুনঃনির্ধারণ এবং দৈনিক খাবার বাবদ টাকা নির্ধারণ প্রসঙ্গে।

সূত্র: জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) এর পত্র নং-৪৮, তারিখ : ০৯/০২/২০২২খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জনপ্রতিনিধি, কর্মকর্তা, কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করে থাকে। প্রশিক্ষণের জন্য অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত প্রতিদিন ৫০০ টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হয়। এ অর্থ দিয়ে প্রতিদিন তাদের তিন বেলা খাবার আয়োজন করতে হয় বিধায় খাবারের স্বাভাবিক মান বজায় রাখা সম্ভব হয় না। তাই প্রশিক্ষণের ব্যাপারে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জনপ্রতিনিধিগণের মধ্যে অসন্তোষ এবং অনাগ্রহ থাকে। গ্রামপুলিশসহ স্থানীয় সরকার প্রতিষ্ঠানের স্বল্পবেতনভোগী কর্মচারীদেরকেও একই হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হয় যা দিয়ে খাবার খরচের পর যাতায়াতের জন্য কোন অর্থ উদ্ধৃত থাকে না। অধিকাংশ স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নিজস্ব আয় পর্যাপ্ত না হওয়ায় নিজ নিজ প্রতিষ্ঠান হতেও কোন প্রকার যাতায়াত ভাতা প্রদান করা হয় না। তাই প্রশিক্ষণ ভাতার পরিমাণ বৃদ্ধি করা হলে এবং খাবারের জন্য পৃথক বরাদ্দ প্রদান করা সম্ভব হলে প্রশিক্ষণের প্রতি আগ্রহ সৃষ্টি হবে। বর্ণিত প্রেক্ষাপটে, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জনপ্রতিনিধি এবং কর্মচারীদের নির্ধারিত প্রশিক্ষণ ভাতা ৫০০ টাকা হতে ১০০০ টাকা পুনঃনির্ধারণ এবং দৈনিক খাবার বাবদ ১২০০ টাকা নির্ধারণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, এনআইএলজি অনুরোধ জানিয়েছেন।

০২। এমতাবস্থায়, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জনপ্রতিনিধি এবং কর্মচারীদের নির্ধারিত প্রশিক্ষণ ভাতা ৫০০ (পাঁচশত) টাকা হতে ১০০০ (এক হাজার) টাকা পুনঃনির্ধারণ এবং দৈনিক খাবার বাবদ ১২০০ (এক হাজার দুইশত) টাকা নির্ধারণের বিষয়ে সদয় সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

৭-৩-২০২২

মোঃ আকবর হোসেন

উপসচিব

সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ

ফোন: ৯৫১৪১৯০

সচিবালয়, ঢাকা।

ইমেইল: lgup2@lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৮.৯৯.০০৬.২২.৪৭/১(৬)

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৮  
০৭ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি), আগারগাঁও, ঢাকা।
- ২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) অতিরিক্ত সচিব (ইউপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



৭-৩-২০২২

মোঃ আকবর হোসেন  
উপসচিব